গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
মন্ত্রিপরিষদবিভাগ
উন্নয়নসমন্বয়শাখা
www.cabinet.gov.bd

**বিষয়: সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের জন্য আয়োজিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ নজরুল ইসলাম |
| সভারতারিখ | : | ২৭ আগস্ট ২০১৫ |
| সময় | : | সকাল ১০.৩০ ঘটিকা তারিখে |
| সভারস্থান | : | বিজয় হল, বিদ্যুৎ ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: **পরিশিষ্ট-ক**।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে, গত ০৯ আগস্ট ২০১৫ তারিখে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের অংশগ্রহণে সঙ্গে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS)-এর ওপর একটি ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে আজকের এই সভা আয়োজন করা হয়। ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং তাঁদের অনুপস্থিতিতে ফোকাল পয়েন্টের দায়িত্ব পালনের সুবিধার্থে অপর একজন কর্মকর্তাকেও সভায় আমন্ত্রণ জানানো হয়েছে। অতঃপর সভাপতি জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের আলোকে একটি কর্মপরিকল্পনা প্রণয়নের গুরুত্বের ওপর বক্তব্য উপস্থাপনের জন্য পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের প্রতিনিধিকে অনুরোধ জানান।

২। প্রতিনিধি, সাধারণ অর্থনীতি বিভাগ সভাকে অবহিত করেন যে, সামাজিক নিরাপত্তা কৌশলটি গত ১ জুন ২০১৫ তারিখে অনুমোদিত হয়। এ কৌশলের রূপকল্প হচ্ছে যোগ্যতা সম্পন্ন সকল বাংলাদেশি নাগরিকের জন্য এমন একটি সামাজিক নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলা যা দারিদ্র্য ও ক্রমবর্ধমান বৈষম্যকে কার্যকরভাবে প্রতিরোধ করে বৃহত্তর মানব উন্নয়ন, কর্ম-সুযোগ সৃষ্টি ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে কার্যকর ভূমিকা রাখবে। এ কৌশলে জীবন চক্রভিত্তিক (life-cycle-based) সমন্বিত সামাজিক নিরাপত্তা কর্মসূচি এবং সামাজিক নিরাপত্তা খাতে আরও উন্নততর সেবা প্রদানের সুবিধা রেখে প্রচলিত ব্যবস্থার পুনর্বিন্যাসের প্রস্তাব করা হয়েছে। তিনি পাওয়ার পয়েন্ট প্রেজেনটেশনের মাধ্যমে এ বিষয়টি বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করেন। তিনি উপস্থাপনার শেষ পর্যায়ে প্রস্তাবিত কর্মপরিকল্পনার একটি নির্দেশক টেমপ্লেট উপস্থাপন করেন। এটি মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মপরিকল্পনা প্রণয়নে ব্যবহার করতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

৩। অতঃপর ১৮ আগস্ট ২০১৫ তারিখে অনুষ্ঠিত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটি এবং গত ০৯ আগস্ট ২০১৫ তারিখে অনুষ্ঠিত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সঙ্গে আয়োজিত সভার সিদ্ধান্তসমূহ সকলকে অবহিত করা হয়।

৪। সভাকে অবহিত করা হয় যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে ২০০২ সাল থেকে ২০১৩ সাল পর্যন্ত সময়ের একটি তুলমামূলক প্রতিবেদন প্রেরণের জন্য মন্ত্রিসভার একটি সিদ্ধান্ত ছিল। উক্ত সিদ্ধান্তের আলোকে ২০০২-২০০৮ সাল এবং ২০০৯-২০১৩ সালের তথ্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে পাওয়া গেছে। কিন্তু ২০০৭ থেকে ২০০৮ সালে দেশের শাসন তত্ত্বাবধায়ক সরকারের ওপর অর্পিত থাকায় উক্ত সময়ের জন্য আলাদা তথ্য থাকা প্রয়োজন। বিধায় ২০০৭-২০০৮ সালের তথ্য জরুরিভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য মন্ত্রণালয়/বিভাগসমূহকে অনুরোধ করা হয়। চাহিত তথ্যের একটি ছক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে ফোকাল পয়েন্টদের ই-মেইল যোগে প্রেরণ করা হবে মর্মে সভায় জানানো হয়।

৫। সামাজিক নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য মন্ত্রণালয়/বিভাগসমূহ কর্মশালা আয়োজন করতে পারে এবং দুই বা ততোধিক মন্ত্রণালয়/বিভাগ যৌথভাবে এ কর্মশালা আয়োজন করলে তা অধিকতর

ফলদায়ক হবে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ ও সাধারণ অর্থনীতি বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদান করবে মর্মে জানানো হয়। মন্ত্রণালয়/বিভাগের সামাজিক নিরাপত্তা কর্মসূচির ক্ষেত্র ও পরিধি বিবেচনায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্মশালার একটি সময়সূচি প্রণয়ন করতে পারে মর্মেও মত প্রকাশ করা হয়। কর্মপরিকল্পনা চূড়ান্ত করার জন্য সকল মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের অংশগ্রহণে আগামী মাসের তৃতীয় বা চতুর্থ সপ্তাহে কক্সবাজারে একটি বৃহৎ কর্মশালার আয়োজন করা হবে মর্মে সভাকে অবহিত করা হয় এবং সে আলোকে প্রস্তুতি গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ জানানো হয়।

৬। সভাপতি সমাপনী বক্তব্যে এ বিষয়ে তাঁর পর্যবেক্ষণ উল্লেখ করেন যে, সামাজিক নিরাপত্তা কার্যক্রম সরকারের একটি অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়। সম্প্রতি সামাজিক নিরাপত্তা কৌশল অনুমোদিত হওয়ায় এ খাতটি আরও গুরুত্ব লাভ করেছে এবং তার ফলে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহের দায়িত্বও বহুগুণ বৃদ্ধি পেয়েছে। এ কারণে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রম মাত্র একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তার পক্ষে সমন্বয় করা কষ্টসাধ্য বিধায় সভাপতি ফোকাল পয়েন্টের নেতৃত্বে মন্ত্রণালয়ভিত্তিক ৩-৪ সদস্য বিশিষ্ট টিম গঠন করার পক্ষে মত প্রকাশ করেন।

৭। সিদ্ধান্ত:

(১) মন্ত্রণালয়/বিভাগসমূহ সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির ২০০৭ ও ২০০৮ সালের (পঞ্জিকাবর্ষ) তথ্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে। এ সংক্রান্ত একটি ছক মন্ত্রিপরিষদ বিভাগ হতে ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের ই-মেইল ঠিকানায় প্রেরণ করা হবে;

(২) সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগসমূহ সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য কর্মশালা আয়োজন করবে। মন্ত্রিপরিষদ বিভাগ ও সাধারণ অর্থনীতি বিভাগ কর্মশালা আয়োজনে প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদান করবে। কর্মশালাসমূহ যথাযথভাবে সমন্বয়ের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ একটি সময়সূচির প্রণয়ন করবে;

(৩) কর্মপরিকল্পনা সমন্বয় ও চূড়ান্তকরণের লক্ষ্যে এ বছর অক্টোবর মাসের তৃতীয় বা চতুর্থ সপ্তাহে ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের জন্য কক্সবাজারে একটি কারিগরি কর্মশালা আয়োজন করা হবে;

(৪) সামাজিক নিরাপত্তা কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগসমূহ ফোকাল পয়েন্ট কর্মকর্তার নেতৃত্বে ৩-৪ সদস্যের টিম গঠন করবে; এবং

(৫) মন্ত্রিপরিষদ বিভাগের পক্ষে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রমসমূহ পরিবীক্ষণ ও সমন্বয়ের দায়িত্ব পালন করবেন অতিরিক্ত সচিব (সমন্বয়) এবং উপসচিব (নিকার ও উন্নয়ন সমন্বয়)। সামাজিক নিরাপত্তা সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে মন্ত্রণালয়/বিভাগসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ ই-মেইলে তাঁদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রক্ষা করবেন।

৮। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

২০/৭/২০১৬

(মোঃ নজরুল ইসলাম)
সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ